# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং: ঢাবো/পনি/৭৯৯ তারিখ: ১০/০৭/২০২৬ খ্রি.

বিষয়: ডাকযোগে প্রেরিত উত্তরপত্রের প্যাকেটের মোড়কে স্পষ্ট করে উত্তরপত্র শব্দটি লেখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষা ২০২৬-এর পরীক্ষা কেন্দ্র থেকে OMR এবং উত্তরপত্র খাকি কাপড়ে মুড়িয়ে ডাকযোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিছু পরীক্ষা কেন্দ্র OMR এবং উত্তরপত্র খাকি কাপড়ে না মুড়িয়ে এবং প্যাকেটের গায়ে OMR বা উত্তরপত্র নির্দিষ্ট করে না লিখে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকায় প্রেরণ করছে। ফলে বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, কেন্দ্র থেকে OMR এবং উত্তরপত্র ডাকযোগে বোর্ডে প্রেরণের ক্ষেত্রে বৃষ্টির পানি লেগে বা অন্য কোন কারণে যাতে ভিজে না যায় সে ক্ষেত্রে প্রথমত পলিথিনে প্যাকেটজাত করে তারপর খাকি কাপড়ের প্যাকেট করে প্যাকেটের গায়ে OMR বা উত্তরপত্র নির্দিষ্ট করে লিখে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকায় প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

প্রফেসর জেসমিন তাসলিমা বানু
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন
এইচএসসি পরীক্ষা ২০২৬-এর কেন্দ্রসমূহ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা/থানা
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৮. অফিস কপি।